যুগান্তর

তারিখ 07 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

# বরিশালের ৮ শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ

বরিশাল ব্যুরো

বরিশালে ৮ শিক্ষাপ্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বরিশাল শিক্ষা বোর্ড। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের অনলাইনে ভর্তিতে নিশ্চয়তা না দেয়ায় এ কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। সোমবার বোর্ডের কলেজ পরিদর্শক ড. মো. লিয়াকত হোসেন স্বাক্ষরিত এই নোটিশ প্রদান করা হয়। নোটিশ পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো— বরগুনার চন্দখালি ইসাহাক উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠির নলছিটি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, রানাপাশা উচ্চমাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালীর রাঙ্গাবালী মহাবিদ্যালয়, পাজাখালি কলেজ, পিরোজপুরের ভাণ্ডারিয়া দৈহারী উচ্চমাধ্যমিক বিদ্যালয়, মিরুখালী উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কেসি [illegible]